



## মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং -ক/অ/৮০(০২)/

তারিখ:

বিষয় : অত্র কলেজের ০৫ (পাঁচ) জন প্রভাষককে স্বপদে পূর্ণবহাল প্রসঙ্গে।

সূত্র : বিজ্ঞ সহকারী জজ আদালত কেশবপুর, যশোর-এর দেং মামলা নং-১০৬/১২ এর ১৭-০১-২০১৬ খ্রি. তারিখের আদেশ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিজ্ঞ সহকারী জজ আদালত কেশবপুর, যশোর এর দেং মামলা নং-১০৬/২০১২ এর ১৭-০১-২০১৬ খ্রি.তারিখের নির্দেশনা অনুযায়ী আপনার কলেজের ০৫ (পাঁচ) জন প্রভাষক যথাক্রমে "১) জনাব শেখ আব্দুর রহমান, প্রভাষক, ভূগোল ২) জনাব শিরীন আরা পারভীন, প্রভাষক, কম্পিউটার শিক্ষা ৩) জনাব মো: ফারুক হোসাইন, প্রভাষক, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি ৪) জনাব মো: মতিয়ার রহমান, প্রভাষক, ব্যবসায় নীতি ও প্রয়োগ এবং ৫) জনাব শেখ শফিকুল ইসলাম, শরীর চর্চা শিক্ষক" কে তাদের স্ব-পদে পূর্ণবহাল করার জন্য এ বোর্ডের গত ১১-০২-২০১৬ খ্রি. তারিখে ক/অ/৮০(০২)/১৫১ নং স্মারক পত্রে নির্দেশ প্রদান করা হয়। কিন্তু ভুক্তভোগী শিক্ষকদের আবেদন হতে জানা যায় যে, আপনার অসহযোগিতার কারণে উক্ত ০৫ (পাঁচ) জন শিক্ষক স্ব-পদে যোগদান করতে পারেনি।

এমতাবস্থায়, এই পত্র প্রাপ্তির ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে উপরেল্লিখিত ০৫ (পাঁচ) জন শিক্ষককে স্ব-পদে পূর্ণবহাল করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে নির্দেশক্রমে অনুরোধ করা হল। একই সাথে বোর্ড কর্তৃপক্ষের আদেশ বাস্তবায়ন করতে অসহযোগিতার কারণে কেন আপনার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে না তার সন্তোষজনক জবাব পত্র প্রাপ্তির ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য বলা হল।

৩৫/-

(অমল কুমার বিশ্বাস)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর।

ফোন : ০৪২১-৬৮৬৩৮

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

মুক্তিযোদ্ধা মহাবিদ্যালয়

ডাক: বুড়িহাটী, কেশবপুর, যশোর।

স্মারক নং-ক/অ/৮০(০২)/ ১৩১(৫)/০

তারিখ : ০৩/৮/২০১৬

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, যশোর।
- ৪। জেলা শিক্ষা অফিসার, যশোর।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, কেশবপুর, যশোর।
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৭। সভাপতি (গভার্ণিং বডি) মুক্তিযোদ্ধা মহাবিদ্যালয়, ডাক: বুড়িহাটী, কেশবপুর, যশোর।
- ৮। উপরেল্লিখিত ০৫ (পাঁচ) জন প্রভাষক, মুক্তিযোদ্ধা মহাবিদ্যালয়, ডাক: বুড়িহাটী, কেশবপুর, যশোর।
- ৯। অফিস কপি।

০৩/৮/১৬  
কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
যশোর

০৩/৮/১৬